

# গুচ্ছ বাইশ বিশ্ববিদ্যালয় পরীক্ষার তারিখও চূড়ান্ত


আবেদন শুরু ১৮ এপ্রিল :: দ্বিতীয়বার পরীক্ষার সুযোগ থাকছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৭ এপ্রিল ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ১৭ এপ্রিল

২০২৩ ০৮:৪১ এএম

1  
Shares



ফাইল ছবি

advertisement

২০২২-২৩ শিক্ষাবর্ষের গুচ্ছ ভর্তি পরীক্ষায় এবারও থাকছে ২২ বিশ্ববিদ্যালয়। নতুন শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার তারিখও চূড়ান্ত করা হয়েছে। থাকছে দ্বিতীয়বার পরীক্ষা দেওয়ার সুযোগও। গতকাল রবিবার গুচ্ছ ভর্তি পরীক্ষা নিয়ে উপাচার্যদের এক জরুরি সভায় আবেদন শুরু থেকে শেষ এবং ভর্তি পরীক্ষার তারিখ চূড়ান্ত করা হয়েছে বলে জানিয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. ইমদাদুল হক।

উপাচার্য বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভার কারণে গুচ্ছের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের সময় একদিন পিছিয়ে দেওয়া হয়েছে। আজ সোমবার রাতে গুচ্ছের ওয়েবসাইটে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ হবে। আগামীকাল মঙ্গলবার পত্রিকায় ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। আগে

১৫ এপ্রিল থেকে ভর্তি আবেদন শুরু হওয়ার কথা থাকলেও এটি পরিবর্তন করা হয়েছে। ১৮ এপ্রিল থেকে অনলাইনে ভর্তি আবেদন শুরু হবে। আবেদন চলবে ৩০ এপ্রিল পর্যন্ত। এ ছাড়া ৩ জুনের মধ্যে ভর্তি পরীক্ষা শেষ করা হবে।

advertisement

উপাচার্য বলেন, আগামী ২০ মে মানবিক বিভাগ, ২৭ মে বিজ্ঞান বিভাগ ও ৩ জুন ব্যবসায় শিক্ষা শাখা অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং ৮ জুনের মধ্যে ফলাফল প্রকাশ করা হবে। গুচ্ছে সেকেন্ড টাইম থাকবে। তবে আবেদনের ক্ষেত্রে কোন বিভাগের জন্য কত পয়েন্ট এবং বিভাগভিত্তিক আবেদন ফি এখনো চূড়ান্ত করা হয়নি। আগামী সভায় বাকি বিষয়গুলো চূড়ান্ত করা হবে।

এদিকে গুচ্ছের বিষয়ে এখনই কোনো মন্তব্য করতে রাজি হয়নি জবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মো. আইনুল ইসলাম। তিনি বলেন, যেহেতু মহামান্য রাষ্ট্রপতি একটি আদেশ দিয়েছেন, তাই সাধারণ সভায় আমরা বিষয়টি নিয়ে আলোচনা করব। সংখ্যাগরিষ্ঠ শিক্ষক যেটাতে মত দেবেন, সেটাই হবে। একাডেমিক কাউন্সিলের প্রবর্তী সভায় আমরা বিষয়টি আলোচনা করব।

advertisement

ইউজিসি সদস্য আলমগীর হোসেন বলেন, রাষ্ট্রপতির সিদ্ধান্ত সবাই মানতে বাধ্য। এর আগে তারা যদি কোনো অন্তর্বর্তীকালীন সিদ্ধান্ত নিয়েও থাকে, তবে সেটা এখন আর কার্যকর হবে না। ভর্তি কার্যক্রম বিগত বছরের মতো বিশ্ববিদ্যালয়গুলোই পরিচালনা করবে, ইউজিসি সার্বিক বিষয়গুলো দেখবে।

এর আগে গত শনিবার রাষ্ট্রপতির নির্দেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে একটি প্রজ্ঞাপনে ২২ বিশ্ববিদ্যালয়কে গুচ্ছে থাকার আদেশ দেওয়া হয়। একই সঙ্গে ২০২৩-২৪ শিক্ষাবর্ষ থেকে সব পাবলিক বিশ্ববিদ্যালয়কে একক ভর্তি পরীক্ষার আওতায় নেওয়ার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে ইউজিসিকে দায়িত্ব দেওয়া হয়েছে।

